সমকাল

তারিখ 03 JAN 2015
পৃষ্ঠা – ২ – কলাম – ৫

# শ্রীপুরে স্কুলে বিধিবহির্ভূত শিক্ষক নিয়োগে তদন্ত কমিটি

■ শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি

শ্রীপুরের বরমী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে বিধিবহির্ভূতভাবে দুটি পদে নিয়োগ দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। বিদ্যালয়ের মেয়াদোত্তীর্ণ পরিচালনা কমিটি একজন সহকারী শিক্ষক ও একজন করণিককে এ নিয়োগ দিয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্টরা শ্রীপুরের ইউএনওর কাছে অভিযোগ করেন। অভিযোগটি তদন্তের জন্য ইউএনও মোহাম্মদ সাদেকুর রহমান উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা এমদাদুল হককে প্রধান করে তিন সদস্যের কমিটি গঠন করেছেন।

নিয়োগ কমিটিকে না জানিয়ে গত ১৬ ডিসেম্বর বিদ্যালয় পরিচালনা কমিটির মেয়াদ শেষ হয়ে যাওয়ার ৮ দিন পর কমিটি ওই দুটি পদে নিয়োগ দেয়।

নিয়োগ কমিটির সদস্য শওকত হোসেন মৃধা বলেন, নিয়োগ কমিটিকে না জানিয়ে মেয়াদোত্তীর্ণ কমিটি প্রভাবিত হয়ে ওই দু'জনকে নিয়োগ দিয়েছে। ইউএনও মোহাম্মদ সাদেকুর রহমান বলেন, গঠিত তদন্ত কমিটি ৭ কার্যদিবসে প্রতিবেদন জমা দেওয়ার পর ব্যবস্থা গ্রহণ করা হবে।